

বিজিএ/কাস/২০২৪/ ২৩

৩ জানুয়ারী, ২০২৪

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ **Guidelines on Internal Credit Risk Rating System** প্রসঙ্গে।

সূত্র : বিআরপিডি সার্কুলার লেটার নং-০২ তারিখঃ ০৩/০১/২০২৪ইং

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। ব্যাংকের ঋণ গ্রহীতাদের বিদ্যমান আর্থিক অবস্থা বিবেচনায় নিয়ে ব্যাংকিং খাত হতে প্রয়োজনীয় ঋণ সুবিধা প্রদানসহ বিদ্যমান ঋণ নবায়ন অব্যাহত রাখার নিমিত্তে বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের ২৩/০২/২০২২ইং তারিখে জারীকৃত সার্কুলার লেটার নং-০৭ এর নির্দেশনার সময়সীমা ৩১/১২/২০২৩ইং থেকে ৩১/১২/২০২৪ইং পর্যন্ত বৃদ্ধি করে সূত্রোক্ত সার্কুলার লেটার জারী করেছে।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের জারীকৃত সার্কুলার লেটার'টি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

সংযুক্তিঃ বর্ণনামতে।



বিআরপিডি সার্কুলার লেটার নং-০২

০৩ জানুয়ারি ২০২৪

তারিখ: -----

১৯ পৌষ ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

Guidelines on Internal Credit Risk Rating System প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে ২৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং ০৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং ১৬, তারিখ ৩০ অক্টোবর ২০১৮ এর মাধ্যমে জারিকৃত “Guidelines on Internal Credit Risk Rating System” এর ১.৮ ও ১.১০(ডি) অনুচ্ছেদদ্বয়ের নির্দেশনা উপর্যুক্ত সার্কুলার লেটার দ্বারা ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত শিথিল করা হয়।

০৩। দেশব্যাপী ব্যবসায়িক কার্যক্রম গতিশীল রাখার লক্ষ্যে ব্যাংকের ঋণ গ্রহীতাদের বিদ্যমান আর্থিক অবস্থা বিবেচনায় নিয়ে ব্যাংকিং খাত হতে প্রয়োজনীয় ঋণ সুবিধা প্রদানসহ বিদ্যমান ঋণ নবায়ন অব্যাহত রাখার নিমিত্ত বিআরপিডি সার্কুলার লেটার নং ০৭/২০২২ এর নির্দেশনা বলবতের সময়সীমা ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হলো। ০১ জানুয়ারি ২০২৫ তারিখ হতে বিআরপিডি সার্কুলার লেটার নং-১২, তারিখ: ২০ জুন ২০১৯ পুনর্বহাল হবে এবং এ সার্কুলার লেটার এর নির্দেশনা বাতিল বলে গণ্য হবে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারার ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০০৯৫



বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭

২৩ ফেব্রুয়ারি ২০২২
তারিখ: -----
১০ ফাল্গুন ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

Guidelines on Internal Credit Risk Rating System প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-১৪, তারিখ: ২৩/০২/২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিশ্বব্যাপী কোভিড-১৯ পরিস্থিতির নেতিবাচক প্রভাব দেশের অর্থনীতির বিভিন্ন খাতে এখনও বিরাজমান রয়েছে। এ পরিস্থিতি হতে উত্তরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন প্রণোদনা প্যাকেজ ঘোষণা করা হয়েছে। বিগত ২০২০ এবং ২০২১ সালের ব্যবসায়িক কার্যক্রম পূর্বের ন্যায় স্থিতিশীল না থাকায় শিল্প/ব্যবসা/সার্ভিস সেক্টরের কিছু কিছু প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীর চিত্র অপেক্ষাকৃত খারাপ/দুর্বল হওয়ায় নতুনভাবে ঋণ গ্রহণ অথবা পূর্বের ঋণ নবায়নের ক্ষেত্রে প্রতিষ্ঠানসমূহ সমস্যার সম্মুখীন হচ্ছে। এ প্রেক্ষিতে দেশব্যাপী ব্যবসায়িক কার্যক্রম ত্বরান্বিত ও আরো গতিশীল করার লক্ষ্যে ব্যাংক ঋণ গ্রহীতাদের বিদ্যমান আর্থিক অবস্থা বিবেচনায় নিয়ে ব্যাংক হতে প্রয়োজনীয় ঋণ সুবিধা গ্রহণ এবং/অথবা বিদ্যমান ঋণ নবায়ন অব্যাহত রাখার লক্ষ্যে বিআরপিডি সার্কুলার লেটার নং ১৪/২০২১ এর ১.৪ অনুচ্ছেদ ও ১.১০(d) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনার স্থলে নিম্নবর্ণিত নির্দেশনা আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে :

1.8 Internal Credit Risk Rating Scores

The ICRR consists of 4-notched rating system covering the Quantitative and Qualitative parameters. The ratings and scores are mentioned below:

Rating	Scores Aggregate
Excellent	≥75%
Good	≥65% to <75%
Marginal	≥50% to <65%
Unacceptable	<50%

1.10 Management Action Triggers

d) In deriving ICRR, whatever score a borrower gets in the qualitative part, if the score in the quantitative part is less than 40%, the borrower's ICRR shall be "Unacceptable".

৩। ০১ জানুয়ারি ২০২৪ তারিখ হতে বিআরপিডি সার্কুলার লেটার নং-১৪, তারিখ: ২৩/০২/২০২১ পুনর্বহাল হবে এবং অত্র সার্কুলার লেটার এর নির্দেশনা বাতিল বলে গণ্য হবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,